



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/30/2022

গভর্নর ক্যাথি হোকল

## ওয়েস্ট ভার্জিনিয়া বনাম পরিবেশ সুরক্ষা এজেন্সির কেসে মার্কিন সুপ্রিম কোর্টের রায়ের বিষয়ে গভর্নর ক্যাথি হোকলের বিবৃতি

"সুপারস্টর্ম স্যান্ডি থেকে হারিকেন ইডা পর্যন্ত, নিউ ইয়র্কবাসীরা খুব ভালো করেই জানেন যে জলবায়ু সংকট ইতিমধ্যেই এখানে উপস্থিত। কার্বন নির্গমন কমাতে এবং একটি পরিচ্ছন্ন শক্তির অর্থনীতি গড়ে তোলার লড়াইয়ে আমাদের নষ্ট করার মতো সময় নেই।

কোন ভুল করবেন না: সুপ্রিম কোর্টের আজকের সিদ্ধান্ত জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে আমাদের লড়াইয়ে একটি বড় ধাক্কা। আমাদের পরিবেশ রক্ষা করার জন্য পরিবেশ সুরক্ষা এজেন্সির (Environmental Protection Agency, EPA) ক্ষমতা সীমিত করে, আদালত জলবায়ু সংকট মোকাবেলার জন্য আমাদের কাছে থাকা সেরা সরঞ্জামগুলির মধ্যে কিছু কেড়ে নিচ্ছে। এটি তিনটি তাৎক্ষণিক অগ্রাধিকার উপস্থাপন করে: পরিবেশ সুরক্ষা এজেন্সিকে অবশ্যই দ্রুততম যত সম্ভব শক্তিশালী নতুন নির্গমন নিয়ম কার্যকর করতে হবে, রাজ্যগুলিকে অবশ্যই আমাদের জলবায়ু প্রচেষ্টাকে দ্বিগুণ করতে হবে, এবং কংগ্রেসকে অবশ্যই এই বছর শক্তিশালী জলবায়ু আইন পাস করতে হবে যাতে আমরা আরও দূর দ্রুত এগিয়ে যেতে পারি।

সুপ্রিম কোর্ট আমাদের মৌলিক সুরক্ষাগুলিতে আঘাত করার পরে পদক্ষেপ নেওয়ার পরিচিত, কিন্তু অনাকাঙ্ক্ষিত অবস্থায় আবার রয়েছে নিউ ইয়র্ক। কিন্তু সব সময়ের মত, নিউ ইয়র্ক প্রস্তুত। আমরা জলবায়ু সংকট মোকাবেলায় আমাদের দেশ-নেতৃত্ব স্থানীয় প্রচেষ্টাকে শক্তিশালী করব, ভগিনী রাজ্যগুলির সাথে প্রচেষ্টা দ্বিগুণ করব, রাজ্যের প্রতিটি কোণায় নতুন পরিচ্ছন্ন শক্তির প্রকল্প তৈরি করব এবং বহু নিউ ইয়র্কবাসীর স্বাস্থ্যের ক্ষতি করা দূষণের বিরুদ্ধে পদক্ষেপ নেবো। এই রায়ের পরে, আমাদের কাজ আগের চেয়ে আরও বেশি জরুরি।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে [www.governor.ny.gov](http://www.governor.ny.gov) -এ  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418